**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তর-পূর্বকে বিশ্বের কেন্দ্রবিন্দুতে নিয়ে এসেছেন।**

**২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ ব্যাংকগুলিকে উত্তর-পূর্বাঞ্চলের জন্য আর্থিক ক্ষেত্রে পৃথক নির্দেশিকা প্রণয়ন করার নির্দেশ দিয়েছেন।**

**৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে আগামীকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমবায় সম্মেলন অনুষ্ঠিত হবে ।**

**৪) প্রথমবারের মতো বিশ্ব ধ্যান দিবস আজ পালিত হচ্ছে ।**

********************************

**NEC MEETING :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তর-পূর্বকে বিশ্বের কেন্দ্রবিন্দুতে নিয়ে এসেছেন। আগরতলায় উত্তরপূর্বাঞ্চল পরিষদের ৭২তম পূর্ণাঙ্গ অধিবেশনে ভাষণ দিতে গিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে গত ১০ বছর উত্তর পূর্বের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল।

তিনি বলেন, কেন্দ্রীয় সরকার বিনিয়োগকারীদের উত্তর-পূর্বে বিনিয়োগ করতে অনুপ্রাণিত করছে। শ্রী শাহ বলেন, আগে উত্তর-পূর্বের পরিষেবা শুধুমাত্র কথার কথা ছিল, কিন্তু প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদি এই অঞ্চলের উন্নয়নকে গুরুত্ব দেওয়ার আন্তরিক প্রচেষ্টা করেছেন। তিনি বলেন, এই অঞ্চলে শান্তি প্রতিষ্ঠাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। তিনি জানান যে প্রায় ১০,৫০০ উগ্রবাদী সহিংসতা পরিহার করে আত্মসমর্পণ করেছে।

তিনি বলেন, উত্তর-পূর্বাঞ্চল দিয়ে ঢোকা মাদকদ্রব্যের কারণে দেশের ভোগান্তি হচ্ছে। যদিও এবিষয়ে অনেক পদক্ষেপ নেওয়া হয়েছে, এখনও আরও কিছু করা দরকার। তিনি উল্লেখ করেন যে অষ্টলক্ষ্মী ধারণাটি দেশ ও বিশ্ব গ্রহণ করছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে উত্তর-পূর্বের সমস্ত রাজ্য আগামী দিনে সমৃদ্ধ হওয়া উচিত। তিনি জোর দিয়ে বলেন যে প্রধানমন্ত্রী মোদী এবং বিজেপি নেতৃত্বাধীন সরকারের উদ্দেশ্য উত্তর-পূর্বকে দেশের বাকি অংশের সমমানে নিয়ে আসা। তিনি বলেন যখন অটল বিহারী বাজপেয়ী সরকার ক্ষমতায় আসে তখন DoNER মন্ত্রক স্থাপিত হয়। শ্রী শাহ বলেন, পূর্বে কাজ করুন, দ্রুত কাজ করুন এবং প্রথম কাজ করুন মন্ত্রটি উত্তর পূর্বাঞ্চল পরিষদের দ্বারা যথাযথভাবে প্রয়োগ করা হচ্ছে।

########Byte(Amit Shah)#######

অনুষ্ঠানে উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী, জ্যোতিরাদিত্য সিন্ধিয়া উত্তর-পূর্বাঞ্চলে চরমপন্থা এবং সহিংসতা হ্রাসের জন্য স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের শান্তি প্রতিষ্ঠায় অসামান্য ভূমিকার কৃতিত্ব তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে এই অঞ্চলে চরমপন্থী কার্যকলাপে ৭১ শতাংশ এবং প্রাণহানি ৬০ শতাংশ হ্রাস পেয়েছে।

শ্রী সিন্ধিয়া আরও বলেন যে উত্তর-পূর্ব দ্রুত গতির উন্নয়নের সাক্ষী হয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অ্যাক্ট ইস্ট নীতির কারণে। তিনি বলেন, কেন্দ্রীয় মন্ত্রীরা ৮০ বার এবং প্রধানমন্ত্রী নিজে রেকর্ড সংখ্যক ৬৪ বার উত্তর-পূর্বাঞ্চল সফর করেছেন।

******************************

**Amit Shah, Bank :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নাবার্ড, আরবিআই এবং এনইডিএফআইকে উত্তর-পূর্বাঞ্চলের জন্য আর্থিক ক্ষেত্রে পৃথক নির্দেশিকা প্রণয়ন করার নির্দেশ দিয়েছেন। তিনি বলেন এই অঞ্চলের একটি বিশেষ ভুগিক অবস্থান রয়েছে তাই  সারা দেশে অভিন্ন নির্দেশিকা থাকতে পারে না। আগরতলায় নর্থ ইস্ট ব্যাঙ্কার্স কনক্লেভ 2024-এ ভাষণ দিচ্ছিলেন শ্রী শাহ। তিনি আস্থা প্রকাশ করেন যে বিনিয়োগ আকর্ষণের ক্ষেত্রে এই অঞ্চলটি আগের সমস্ত রেকর্ড ভেঙে দেবে।

তিনি বলেন, আগামী ১০ বছরে উত্তর-পূর্বে বৃদ্ধির হার গড়ে ২০শতাংশ হবে। ব্যাংকারদের অর্থ প্রদানের সময় একটি নির্দিষ্ট মাত্রার ঝুঁকি নিতে হবে, উল্লেখ করে শ্রী শাহ বলেন, এই অঞ্চলের সমৃদ্ধির জন্য নিয়মাবলী শিথিল করতে হবে।

তিনি বলেন, অপার সম্ভাবনার অধিকারী উত্তর-পূর্বাঞ্চলের অগ্রগতি ও উন্নয়ন নিশ্চিত করা জাতীয় কর্তব্য। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে উত্তরপূর্বাঞ্চল উন্নত ভারতের প্রবেশদ্বার হয়ে উঠবে। তিনি বলেন, এই অঞ্চলে ৮০ শতাংশ সংযোগ সম্পন্ন হয়েছে কারণ এই অঞ্চলটি রেলপথ এবং জলপথের মাধ্যমে সংযুক্ত, তাছাড়া এখানে শান্তি ফিরে এসেছে।  তিনি আরও বলেন যে টাটা গোষ্ঠীর ২৭,০০০ কোটি টাকার সেমি কন্ডাক্টর প্রকল্প এই অঞ্চলের সম্পূর্ণ সম্ভাবনাকে কাজে লাগাতে কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতির প্রমাণ।

###########Byte##########

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া, ডোনার প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, অরুনাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু সহ বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা।

কনক্লেভের প্রথম পর্বে উপস্থিত ছিলেন নিডফি'র চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর পি ভি এস এল এন মূর্তি, রাজ্য সরকারের অর্থ সচিব এম নাগা রাজু প্রমুখ। এখানে উত্তরপূর্বের বিভিন্ন খাতে উন্নয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয় এবং নিডফি'র কাজ কর্মের বিষয়ে নির্মিত তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ নর্থ ইস্ট স্পেস এপ্লিকেশন সেন্টার-এর বৈঠকে যোগ দেন।

*****************************

**Jiten Chowdhury :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী অভিযোগ করেছেন, এনইসি-র টাকায় রাজ্যে প্রোমো উৎসব, মেলা এবং নেশামুক্তি কেন্দ্র তৈরি করা হচ্ছে। আজ আগরতলায় সিপিআইএম সদর দপ্তরে সাংবাদিকদের তিনি জানান, এনইসি তৈরি করা হয়েছে গোটা উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন উন্নয়নমূলক কাজ করার জন্য।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**Cooparative Minister :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে আগামীকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমবায় সম্মেলন অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে কেন্দ্রীয় সমবায় মন্ত্রী ন্যাশনাল কো-অপাটেটিভ কনজিউমার্স ফেডারেশন লিমিটেড, NCCF -

প্রদত্ত ভারত ব্র্যান্ডের মোবাইল ভ্যান এবং NABARD প্রদত্ত রুরাল মার্টের জন্য মোবাইল ভ্যানের উদ্বোধন করবেন। তাছাড়া সম্মেলনে ত্রিপুরা রাজ্য সমবায় ব্যাংকের পক্ষ থেকে ৫০টি প্রাথমিক সমবায় সমিতিকে মাইক্রো এটিএম বিতরন করা হবে। অনুষ্ঠান থেকে ত্রিপুরা ষ্টেট কো-অপাটেটিভ কনজিউমার্স ফেডারেশন লিমিটেডের দ্বারা উদয়পুরের ছনবনে নির্মিত পেট্রোল পাম্পের ভার্চুয়ালভাবে উদ্বোধন করা হবে।

*****************************

**Meditation Day :**

প্রথমবারের মতো বিশ্ব ধ্যান দিবস আজ পালিত হচ্ছে। দিনটি সারা দেশ জুড়ে মঙ্গল, শান্তি এবং মননশীলতা প্রচারের একটি বৈশ্বিক উদ্যোগকে চিহ্নিত করে। দিনটি মানসিক চাপ, সহিংসতা এবং সামাজিক বিভেদ সহ সমসাময়িক বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় অনুশীলনের সার্বজনীন সম্ভাবনাকে তুলে ধরে। সম্প্রতি জাতিসংঘের সাধারণ পরিষদে সর্বসম্মতিক্রমে ২১শে ডিসেম্বরকে বিশ্ব ধ্যান দিবস হিসাবে মনোনীত করার প্রস্তাব গৃহীত হয়।

এই উপলক্ষে আজ জাতিসংঘে ভারতের স্থায়ী মিশন নিউইয়র্কে জাতিসংঘ সদর দফতরে একটি অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে গুরুদেব শ্রী শ্রী রবিশঙ্কর দ্বারা পরিচালিত ধ্যানের অধিবেশন বিশ্বব্যাপী  সরাসরি দেখানো হয়। অনুষ্ঠানের বিষয় ছিল "মেডিটেশন ফর গ্লোবাল পিস অ্যান্ড হারমোনি, বা বিশ্ব শান্তি ও  সম্প্রীতির জন্য ধ্যান।"সেই অধিবেশনে লক্ষাধিক লোক অংশগ্রহণ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দেশের নাগরিকদের ধ্যানকে দৈনন্দিন জীবনের একটি অংশ করার আহ্বান জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন যে, ধ্যান হল একজনের

জীবনে পাশাপাশি আমাদের সমাজ এবং গ্রহে শান্তি ও সম্প্রীতি আনার একটি শক্তিশালী উপায়।

***************************

**CPIM :**

সিপিআইএম রাজ্য কমিটি আজ দার্শনিক জে.ভি স্তালিনের জন্ম দিবস উপলক্ষে আগরতলার মেলার মাঠ দলীয় কার্যালয়ে এক অনুষ্ঠানের  আয়োজন করে। স্তালিনের প্রতিকৃতিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন সিপিএম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক সহ সিপিআইএম নেতৃবৃন্দ। জে ভি স্তালিন সম্পর্কে বলতে গিয়ে সিপিএম রাজ্য সম্পাদক বলেন দ্বিতীয় মহা যুদ্ধে স্তালিন মহানায়কের ভূমিকা পালন করেছিলেন। তাঁর নেতৃত্বে বিশ্ব ত্রাস হিটলারকে পরাজিত করে গোটা পৃথিবীর  মানবজাতিকে ধ্বংসের হাত থেকে রক্ষা করা সম্ভব হয়েছিল।

আজ বিলোনিয়ায় সিপিআইএমের মহকুমা দপ্তরে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে যোসেফ স্তালিনের জন্মদিন পালিত হয়৷ এই উপলক্ষ্যে স্তালিনের প্রতিকৃতিতে  ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন বিধায়ক দীপংকর সেন ও অশোক মিত্র, সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক বাসুদেব মজুমদার, শিউলী লোধ, কাজল দাস ও সুকান্ত মজুমদার সহ অন্যান্য নেতা - কর্মীরা।

******************************

**Congress, Sonamura :**

সিপাহীজলা জেলার সোনামুড়া জেলা কংগ্রেস ভবনে আজ কংগ্রেস দলের এক বর্ধিত সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সর্বভারতীয় কংগ্রেস কমিটির সম্পাদক, ত্রিপুরা প্রদেশের ইনচার্জ ক্রিস্টোফার তিলক, প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, প্রদেশ সম্পাদক জয়দীপ রায়বর্মন, সোনামুড়া ও বিশালগড় জেলা কংগ্রেস কমিটির সভাপতি দীপক

চক্রবর্তী, গোপীনাথ সাহা, কংগ্রেসের আদিবাসী নেতা প্রাক্তন এম.ডি.সি অনন্ত মুড়াসিং প্রমুখ। আশীষ কুমার সাহা বলেছেন এডিসির ভিলেজ কাউন্সিল নির্বাচনকে সামনে রেখে সংগঠনকে শক্তিশালী করতে গোটা রাজ্যেই চলছে এই কর্মসূচি। সভায় সংবিধান প্রণেতা বি.আর অম্বেদকর সম্পর্কে স্বরষ্ট্রমন্ত্রীর মন্তব্যের সমালোচনা করেন ক্রিস্টোফার তিলক। এর প্রতিবাদে আগামী ২৪ ডিসেম্বর রাজ্যের সব জেলায় কংগ্রেস আন্দোলন কর্মসূচি প্রতিপালন করবে বলে জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি।

***************************

**NSS Camp :**

মহারাজা বীর বিক্রম কলেজের এন.এস.এস ইউনিটের উদ্যোগে আজ থেকে ৭ দিন ব্যাপী এন.এস.এস শিবির শুরু হয়েছে। শিবিরের আনুষ্ঠানিক সূচনা করেন মেয়র দীপক মজুমদার। উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ড. আইভি চৌধুরী, টিচার কাউন্সিলের সেক্রেটারি ননীগোপাল নন্দী, রাজ্য এনএসএসের কার্যক্রম আধিকারিক সুকান্ত সরকার, কলেজের এনএসএস কার্যক্রম আধিকারিক দেবযানী ভট্টাচার্য। অনুষ্ঠানে মেয়র বলেন সাত দিনব্যাপী শিবিরে যারা প্রশিক্ষণ নেবেন তারা আগামীদিন অন্যান্য ছাত্র-ছাত্রীদের সামাজিক ব্যাধির বিরুদ্ধে লড়াই জারি রাখা, রাষ্ট্রি গঠনে নিজেদের উদ্‌বুদ্ধ করা ও বনায়নের ক্ষেত্রে বিশেষ ভূমিকা গ্রহণ করবেন। অনুষ্ঠানে রাজ্যের বিগত বন্যা পরিস্থিতিতে উল্লেখযোগ্য কাজের জন্য এম.বি.বি কলেজের ৬ জন এন.এস.এস স্বেচ্ছাসেবককে সম্মান জানানো হয়।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-

এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

****************************************

**Ayushman Arogya Camp :**

দক্ষিণ জেলার জোলাইবাড়ি ব্লকের মধ্যপিলাক গ্রাম পঞ্চায়েতের বনিক পাড়ায় আজ স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ৩১ জন রোগীর রক্তচাপ, ডায়াবেটিস পরীক্ষা ও শীতকালীন সময়ে প্রকট হওয়া নানা রোগের প্রাথমিক ঔষধপত্র প্রদান করা হয়। শিবিরে ছিলেন মধ্যপিলাক আয়ুস্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার পূজা পাল, স্বাস্হ্য কর্মী মলিন্দ্র ত্রিপুরা ও আশা কর্মী পুতুল বনিক।

******************************

**Sadar 13 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে এ ডি নগর প্লে সেন্টার ১ উইকেটে এগিয়ে চলো সংঘকে, নেপকো মাঠে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টার ১৫৩ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে, বি কে এন ভি মাঠে জুয়েলস কোচিং সেন্টার ২৪৪ রানে দশমীঘাট কোচিং সেন্টারকে এবং আম্বেদকর স্কুল মাঠে শতদল সংঘ কোচিং সেন্টার ১০৫ রানে তরুণ সংঘ কোচিং সেন্টারকে পরাজিত করে।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ২৫ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫.৮ ডিগ্রি সেলসিয়াস। উত্তর বঙ্গোপসাগরে শ্রেষ্ঠ ঘূর্ণাবর্তার কারণে রাজ্যে আবহাওয়ার এই পরিবর্তন দেখা দিয়েছে।

**************************